

কারিগরি শিক্ষা, সমৃদ্ধ
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

www.techedu.gov.bd

এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.৫১.০০১.১৮.১০৬০

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪২৬

২৫ নভেম্বর ২০১৯

বিষয়: চিকিৎসার জন্য আর্থিক সাহায্যের আবেদন।

সূত্র: চাঁদপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের স্মারক নং-টিএসসি/চাঁদ/২৪০৯ তারিখ: ২৪/১০/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন চাঁদপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের জুনিয়র ইন্সট্রাক্টর (ডেসমেকিং এন্ড টেইলারিং) জনাব মোঃ মাহবুবুর রহমান দীর্ঘ দিন ক্রমিক কিডনী ডিজিস এ আক্রান্ত। গত দুই বছর যাবৎ তিনি হোমো-ডায়ালাইসিস করছেন। এটি অত্যন্ত ব্যয় বহুল চিকিৎসা। কিডনী প্রতিস্থাপন করতে প্রায় ১২,০০,০০০/- (বার লক্ষ) টাকা প্রয়োজন। যা তার পরিবারের পক্ষে ব্যয় করা অসম্ভব। কিডনী প্রতিস্থাপন করলে তিনি আবার স্বাভাবিক জীবনে ফিরে আসতে পারবেন মর্মে আবেদনে উল্লেখ করেছেন (কপি সংযুক্ত)।

২। চাঁদপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের কলেজের জুনিয়র ইন্সট্রাক্টর (ডেসমেকিং এন্ড টেইলারিং) জনাব মোঃ মাহবুবুর রহমান তার ব্যয় বহুল চিকিৎসার জন্য আর্থিক সাহায্য কামনা করেছেন।

আর্থিক সাহায্য পাঠানোর ঠিকানা :

PIMS : 8308100263

Bank A/C : SA 1502401011741

Sonali Bank Ltd., Chandpur Br. Chandpur.

Mobile A/C : 01717297927 (Personal) bKash.

৩। এমতাবস্থায়, জুনিয়র ইন্সট্রাক্টর (ডেসমেকিং এন্ড টেইলারিং) জনাব মোঃ মাহবুবুর রহমান-কে নিজের সাধ্যমতো আর্থিক সাহায্য প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

২৭-১১-২০ ১৯

মোঃ আককাছ আলী সেখ

পরিচালক ভোকেশনাল (অতিরিক্ত দায়িত্ব)

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১) অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও,
ঢাকা।

২) অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।

৩) অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ (সকল)।

৪) অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট (সকল)।

৫) অধ্যক্ষ, মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট (সকল)।

৬) অধ্যক্ষ, গ্লাস এন্ড সিরামিক ইন্সটিটিউট/ গ্রাফিক আর্টস
ইন্সটিটিউট/ বাংলাদেশ সার্ভে ইন্সটিটিউট।

৭) আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়
(সকল)।

৮) অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।

৯) ইকুইপমেন্ট অফিসার, সেন্ট্রাল স্টোর-কাম-সার্ভিস

ওয়ার্কসপ, পাঠানটুলী, নারায়নগঞ্জ।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.৫১.০০১.১৮.১০৬০/১(৫)

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪২৬
২৫ নভেম্বর ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১) পরিচালক (প্রশাসন/ পরিকল্পনা ও উন্নয়ন/ পি.আই.ইউ/ পি.আই.ডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২) সহকারী পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। কারিগরি শিক্ষা অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীদের নিকট হতে আর্থিক সাহায্য সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট হিসাবে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৩) ইকুইপমেন্ট অফিসার, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অত্র অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) সংরক্ষণ নথি।



২৭-১১-২০১৯

মোহাম্মদ সাজ্জাদ মুফতী
সহকারী পরিচালক